

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
www.ec.org.bd

নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৬.১৬-৩২৭

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৩
১৮ জুলাই ২০১৬

বিষয় : দশম জাতীয় সংসদের ১৪৮ ময়মনসিংহ-৩ নির্বাচনি এলাকার ৬নং গৌরীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ভোটকেন্দ্রের নির্বাচন বাতিল প্রসঙ্গে

সূত্র : সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ের স্মারক নং ১৭.০৯.৬১২৩.০০০.৩৬.০০৫.১৬-১৪২, তারিখঃ ১৮/০৭/২০১৬

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ১৮ জুলাই ২০১৬ তারিখে যমুনা টিভিতে সরাসরি সম্প্রচারিত প্রতিবেদন এবং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের সহকারী প্রিজাইডিং অফিসার ও প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত তথ্য পর্যালোচনায় জাতীয় সংসদের ১৪৮ ময়মনসিংহ-৩ নির্বাচনি এলাকার ৬নং গৌরীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ভোটকেন্দ্রে অনিয়মের পরিপ্রেক্ষিতে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৯১ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন উক্ত ভোটকেন্দ্রের নির্বাচন বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উপরিউক্ত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

(ফরহাদ আহাম্মদ খান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোনঃ ৯১৮০৬৫৩


জেলা নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ
ও
রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৬.১৬-৩২৭

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৩
১৮ জুলাই ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ
২. পুলিশ সুপার, ময়মনসিংহ
৩. উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর উপজেলা, জেলা-ময়মনসিংহ
৪. সিস্টেম এনালিস্ট, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৫. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
৬. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. উপজেলা নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ সদর, জেলা-ময়মনসিংহ ও সহকারী রিটার্নিং অফিসার
৯. অফিসার ইনচার্জ, গৌরীপুর থানা, জেলা-ময়মনসিংহ।


(মোঃ রাজীব আহসান)
সহকারী সচিব